

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে এ দপ্তর হতে ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের সাথে পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি	ড. মো: হুমায়ুন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২৫ আগস্ট ২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১০.৩০ টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহীর সম্মেলন কক্ষ হতে জুম সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে
উপস্থিতি	জুম সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে

জুম সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে এ দপ্তর হতে ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের সাথে পর্যালোচনা সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) সভায় সকলকে অবহিত করেন বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে গত ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরে নিম্নরূপ সেবা সহজীকরণ ও ডিজিটাইজকৃত করা হয়েছে।

সেবার ধরণ	অর্থ বছর	সেবার সংক্ষিপ্ত বিবরণ
সহজীকৃত সেবা	২০১৯-২০	(১) কর্মকর্তা/কর্মচারীদের পাসপোর্টের এন ও সি যেসকল আবেদনপত্র এ কার্যালয়ে হতে সম্পন্ন করা হয় তা প্রসেসম্যাপ অনুযায়ী শুধুমাত্র অনলাইনে গ্রহণ এবং সম্পন্ন করণ।
সহজীকৃত সেবা	২০২০-২১	(১) এ বিভাগের সকল জেলা প্রশাসকগণের নৈমিত্তিক ছুটি এবং কর্মস্থল ত্যাগের অনুমতি প্রসেসম্যাপ অনুযায়ী শুধুমাত্র ই-মেইলে গ্রহণ এবং সম্পন্ন করণ।
ডিজিটাইজকৃত সেবা	২০২০-২১	(১) জেলা ও উপজেলা পর্যায়ের ৫ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের শ্রান্তিবিনোদন ছুটির আবেদন ই-নথিতে গ্রহন এবং ই-নথিতে সম্পন্ন করণ।

বর্ণিত সেবার বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী সভায় বলেন, যে সহজীকৃত সেবা/ডিজিটাইজকৃত সেবা গুলো আবেদন/পত্র প্রাপ্তির ১২ থেকে ২৪ ঘন্টার মধ্যে এ কার্যালয় হতে দ্রুততম সময়ে কোন হয়রানিও ভোগান্তি ছাড়া সম্পন্ন করা হচ্ছে। এ প্রেক্ষিতে জেলা প্রশাসক, নওগাঁ বলেন যে, তিনি পাসপোর্টের জন্য এন ও সির আবেদনের একদিনের মধ্যে এন ও সি পেয়েছেন। জেলা প্রশাসক, রাজশাহী তাঁর অনুভূতি ব্যক্ত করে বলেন যে, তিনি নৈমিত্তিক ছুটি একদিনের মধ্যে পেয়েছেন। জেলা প্রশাসক, জয়পুরহাট বলেন যে, তিনি শ্রান্তি বিনোদন ছুটি বিকালে আবেদন দিয়ে পরের দিন পেয়েছেন। জেলা প্রশাসক, বগুড়াও একই অনুভূতি ব্যক্ত করেন। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা বলেন তিনি পাসপোর্টের জন্য এন ও সি আবেদনের জেলা হতে বিভাগ পর্যন্ত মাত্র ০৩ দিনের মধ্যে পেয়েছেন এবং তাকে মোবাইলেও জানানো হয়েছে। জেলা প্রশাসকগণ স্ব-স্ব অধিক্ষেত্রে জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে এই প্রাকটিকসগুলো অনুসরণ করবেন মর্মে মতামত ব্যক্ত করেন। সভাপতি জানান ই-গভর্ন্যান্স বাস্তবায়নে সেবা গ্রহীতাদেরকে হয়রানি ব্যতীত দ্রুত ও সহজে সেবা প্রদান করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়:

**সিদ্ধান্ত:** এ কার্যালয়ের ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের সহজীকৃত/ডিজিটাইজকৃত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে।  
উক্ত সেবাসমূহ প্রদানের ক্ষেত্রে অংশীজনগণ যেন কোন হয়রানি বা ভোগান্তির স্বীকার না হয় সে বিষয়ে সর্বকতার সাথে দ্রুত  
সময়ে সেবা প্রদান অব্যাহত রাখতে হবে।

অতঃপর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। সভায় আর কোন  
আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর  
বিভাগীয় কমিশনার


স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.০৭.০০১.১৭.৪৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৫) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৬) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (বিভাগীয়  
কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সহকারি কমিশনার, মাঠ প্রশাসন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী



এ. এন. এম. মঈনুল ইসলাম  
অতিরিক্ত বিভাগীয় কমিশনার